গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়
কক্সবাজার
www.rrrc.gov.bd

স্মারক নং- RRRC/RHU/COVID-19/Report/28/2020/২৯৮২ তারিখঃ ১৪ জুলাই ২০২১

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ।
সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮, তারিখঃ ১৩ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে 'বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক'দের ক্যাম্পে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ ব্যতীত অন্য ক্ষেত্রে সকল সরকারি সংস্থা/জাতিসংঘের অঙ্গসংস্থা/বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম, চলাচল ও সেবাসমূহ পূর্বের নির্দেশনার ধারাবাহিকতায় ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত স্থগিত থাকবে।

ক) স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম ও সেবা।
খ) খাদ্য পরিবহন, বিতরণ ও সংশ্লিষ্ট সেবা।
গ) এলপিজি সিলিন্ডার পরিবহন, বিতরণ ও সংশ্লিষ্ট সেবা।

২। নিরাপদ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও পরিচ্ছন্নতা সংশ্লিষ্ট সেবাসমূহ শুধুমাত্র রোহিঙ্গা স্বেচ্ছাসেবীদের দ্বারা পরিচালনা করা যাবে। জরুরি ক্ষেত্রে কারিগরি সহায়তার জন্য ক্যাম্প ইন চার্জগণের সাথে সমন্বয়পূর্বক নির্দিষ্টসংখ্যক জনবল প্রবেশ করতে পারবেন।

৩। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ক্যাম্প ৮ ইস্ট, ৮ ওয়েস্ট ও ৯ এর শেল্টার পুনঃনির্মাণ কার্যক্রমসমূহ ক্যাম্পে বসবাসকারী স্বল্প সংখ্যক রোহিঙ্গা স্বেচ্ছাসেবী শ্রমিক দ্বারা চলমান থাকবে। ক্যাম্প ইন চার্জের সাথে সমন্বয়পূর্বক উক্ত কার্যক্রমে কারিগরি জ্ঞানসমৃদ্ধ জনবল নিযুক্ত করা যাবে।

৪। দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্মসূচি/ দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম ক্যাম্পে বসবাসকারী স্বল্প সংখ্যক রোহিঙ্গা স্বেচ্ছাসেবী শ্রমিক দ্বারা চলমান থাকবে। স্বাভাবিক পরিস্থিতিতে ক্যাম্পের বাইরে থেকে সংশ্লিষ্ট এনজিওসমূহ এসব কাজ তত্ত্বাবধান করবেন। জরুরি পরিস্থিতিতে ক্যাম্প ইন চার্জের অনুরোধের প্রেক্ষিতে এনজিওসমূহ ক্যাম্পে প্রবেশ করে কার্যক্রম পরিচালনা করবেন।

৫। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে কোরবানির পশু পরিবহন, বিতরণ ও সংশ্লিষ্ট কার্যক্রম কেবলমাত্র সীমিত লোকবল দ্বারা পরিচালনা করা যাবে। তবে, সকল ধরনের দোকান, কমিউনিটি সেন্টার, সর্বপ্রকার জনসমাগম বন্ধ থাকবে।

৬। ১৫ জুলাই ২০২১ থেকে ২২ জুলাই ২০২১ পর্যন্ত প্রতিদিন শুধুমাত্র একটি করে ক্যাম্পে যৌথ রেজিস্ট্রেশনের আওতায় নতুন জন্মগ্রহণকারী শিশুদের রেজিস্ট্রেশন চলবে।

৭। সকল সরকারি সংস্থা/জাতিসংঘের অঙ্গসংস্থা/বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা সরকার কর্তৃক আরোপিত নির্দেশনা প্রতিপালন করবে। বর্ণিত নির্দেশনার বহির্ভূত ক্ষেত্রে জরুরি পরিস্থিতির উদ্ভব হলে, প্রয়োজনীয় নির্দেশনার জন্য অত্র কার্যালয়ের সাথে যোগাযোগের অনুরোধ করা হলো।


১৪/০৭/২১
মোহাম্মদ সামছু-দ্দৌজা
(উপসচিব)
অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
কক্সবাজার
০৩৪১-৬৩৬৮০
addlrrrc1@rrrc.gov.bd


বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। Principal Coordinator, ISCG, Cox's Bazar.
২। Head of Operations, Sub-office, UNHCR, Cox's bazar.
৩। Deputy Chief of Mission, IOM, Cox's bazar.
৪। Emergency coordinator, WFP, Cox's Bazar.
৫। Chief of field Office, UNICEF, Cox's Bazar.
৬। Head of Sub-Office, WHO, Cox's Bazar.
৭। Head of Field Office, UNFPA, Cox's Bazar.
৮। Head of Sub-Office, FAO, Cox's Bazar.
৯। Head of Sub-Office, UN women, Cox's Bazar.
১০। Head of operation, BDRCS, Cox's Bazar.
১১। Coordinator, AFAD/TIKA/Turkiye Diyanet Foundation

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা]
২। জিওসি, ১০ পদাতিক ডিভিশন, রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার।
[দৃষ্টি আকর্ষণঃ জিওসি মহোদয়ের স্টাফ অফিসার, ১০ পদাতিক ডিভিশন, রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার]
৩। রিজিয়ন কমান্ডার, বিজিবি রিজিয়ন, সদর দপ্তর, কক্সবাজার।
৪। কর্নেল, জিএস, ডিজিএফআই, কক্সবাজার।
৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
৬। পুলিশ সুপার, কক্সবাজার।
৭। সিভিল সার্জন, কক্সবাজার।
৮। অধিনায়ক, ৮/১৪/১৬ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, কক্সবাজার। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯। অধিনায়ক, র‍্যাব ১৫, কক্সবাজার।
১০। অতিরিক্ত পরিচালক, এনএসআই, কক্সবাজার।
১১। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া/টেকনাফ, কক্সবাজার।
১২। ক্যাম্প ইন চার্জ/ সহকারী ক্যাম্প ইন চার্জ (সকল)।
১৩। যুগ্ম পরিচালক, এনএসআই, কক্সবাজার।
১৪। অধিনায়ক, ১৫/১৬/৩৯ আনসার ব্যাটালিয়ন।
১৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কক্সবাজার।
১৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার।
১৭। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কক্সবাজার।

মোহাম্মদ সামছু-দ্দৌজা
(উপসচিব)
অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
কক্সবাজার
০৩৪১-৬৩৬৮০
addlrrrc1@rrrc.gov.bd

Bangladesh 50

মুজিব বর্ষ 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮ / ১৩ জুলাই ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ তারিখ: ৩০.০৬.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ তারিখ: ০৫.০৭.২০২১

পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপন, জনসাধারণের যাতায়াত, ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা, দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত সূত্রস্থ স্মারকদ্বয়ে আরোপিত সকল বিধি-নিষেধ শিথিল করা হলো। তবে, এ সময়ে সর্বাবস্থায় জনসাধারণকে সতর্কাবস্থায় থাকা এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে **২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত** নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

২.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;

২.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে;

২.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;

২.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

২.৫ সকল প্রকার শিল্প-কলকারখানা বন্ধ থাকবে;

২.৬ জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক [বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি]; রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;

২.৭ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৮ ব্যাংকিং/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৯ সরকারি কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কাজসমূহ ভার্চুয়ালি (ই-নথি, ই-টেন্ডারিং, ই-মেইল, SMS, WhatsApp-সহ অন্যান্য মাধ্যম) সম্পন্ন করবেন;

২.১০ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ/বিক্রয়, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, জাতীয় পরিচয় পত্র (এন আই ডি) প্রদান কার্যক্রম, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ভিসা সংক্রান্ত কার্যক্রম, সিটি কর্পোরেশন/পৌরসভা (পরিস্কার-পরিচ্ছন্নতা, সড়কের বাতি ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম), সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ফার্মেসি ও ফার্মাসিউটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;

২.১১ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় খোলা রাখার বিষয়ে অর্থ বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.১২ জরুরি পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/নৌযান/পণ্যবাহী রেল/ফেরি এ নিষেধাজ্ঞার আওতাবর্হির্ভূত থাকবে;

২.১৩ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতাবর্হির্ভূত থাকবে;

২.১৪ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

২.১৫ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

২.১৬ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

২.১৭ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Takeaway) করতে পারবে;

২.১৮ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীগণ তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট/প্রমাণক প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবেন;

২.১৯ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

২.২০ 'আর্মি ইন এইড টু সিভিল পাওয়ার' বিধানের আওতায় মাঠ পর্যায়ে কার্যকর টহল নিশ্চিত করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় সংখ্যক সেনা মোতায়েন করবে। জেলা ম্যাজিস্ট্রেট স্থানীয় সেনা কমান্ডারের সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন;

২.২১ জেলা ম্যাজিস্ট্রেট জেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা করে সেনাবাহিনী, বিজিবি/কোস্টগার্ড, পুলিশ, র‍্যাব ও আনসার নিয়োগ ও টহলের অধিক্ষেত্র, পদ্ধতি ও সময় নির্ধারণ করবেন। সে সঙ্গে স্থানীয়ভাবে বিশেষ কোনো কার্যক্রমের প্রয়োজন হলে সে বিষয়ে পদক্ষেপ নিবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.২২ জনপ্রশাসন মন্ত্রণালয় মাঠ পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে; এবং

২.২৩ সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮-এর আওতায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ব্যবস্থা নিতে জেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে আইনানুগ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০৭.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

**১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২। বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/ কোস্টগার্ড/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী /ফায়ার , সার্ভিস ও সিভিল ডিফেন্স।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।